

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহনে শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ জাকির হোসেন মুখা, উপজেলা মৎস্য কর্মকর্তা, নড়িয়া, শরীয়তপুর।  
স্থান : উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, নড়িয়া, শরীয়তপুর।  
তারিখ : ০১/০১/২০২৪ খ্রিঃ  
সময় : সকাল ১০.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা ও স্বাক্ষর: 'পরিশিষ্ট-ক' দৃষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে ক্ষেত্র সহকারী(রাজস্ব) জনাব আইয়ুব আলী মিয়া, জাতীয় শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটি, নড়িয়া জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর কার্যক্রম ১.৩ মোতাবেক উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, নড়িয়া, শরীয়তপুর এর সেবা গ্রহনকারী ব্যক্তি/প্রতিষ্ঠান, সুশীল সমাজের প্রতিনিধি (মৎস্য অফিসের কাজের সাথে সংশ্লিষ্ট) কিংবা এ দপ্তরের আওতাধীন মাঠ পর্যায়ে কর্মরত মাঠ সহায়ক কর্মীগনকে অংশীজন হিসাবে বিবেচনা করে বছরের ৪ প্রান্তিকে ৪ টি ত্রৈমাসিক সভা আয়োজনের বিধান রয়েছে। এরই আলোকে আয়োজিত বছরের প্রথম ত্রৈমাসিক সভায় মৎস্যচাষী, মৎস্যজীবী, আড়ৎদার, খুচরা ও পাইকারি খাদ্য বিক্রেতাগনকে আমন্ত্রণ জানানো হয়। অতঃপর তিনি আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন।

০১. সভাপতি অংশীজনদের উদ্দেশ্যে বলেন যে, ০১ নভেম্বর ২০২৩ খ্রিঃ থেকে ৩০ জুন ২০২৪ খ্রিঃ পর্যন্ত মোট ৮ মাস জাটকা ধরা নিষিদ্ধ। এ সময় সারাদেশে জাটকা আহরন, পরিবহন, মজুদ, বাজারজাতকরন ও ক্রয়-বিক্রয় সম্পূর্ণরূপে নিষিদ্ধ। এ আইন মেনে চলার জন্য তিনি অংশীজনদের আহ্বান জানান এবং এ আইন বাস্তবায়নে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।

০২. জাতীয় মৎস্যজীবী সমিতি, উপজেলা শাখা, নড়িয়া এর সভাপতি জনাব সুমন বকাউল ০১ নভেম্বর ২০২৩ খ্রিঃ থেকে ৩০ জুন ২০২৪ খ্রিঃ পর্যন্ত মোট ৮ মাস জাটকা আহরন, পরিবহন, মজুদ, বাজারজাতকরন ও ক্রয়-বিক্রয় থেকে বিরত থাকার অঙ্গীকার করেন। এছাড়া তিনি উপজেলা মৎস্য কর্মকর্তা, নড়িয়া, শরীয়তপুরকে এ আইন বাস্তবায়নে সব ধরনের সহযোগিতা প্রদানের আশ্বাস দেন।

০৩. জাতীয় শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটি, নড়িয়া এর সদস্য ও অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক জনাব মহসিন কামাল জানান যে, যাদের মৎস্য খাদ্য বিক্রেতার লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হয়েছে তাদের লাইসেন্স নবায়ন করার জন্য অনুরোধ করেন।

০৪. সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ

সিদ্ধান্ত - ৪.১ : আগামী ০১ নভেম্বর ২০২৩ খ্রিঃ থেকে ৩০ জুন ২০২৪ খ্রিঃ পর্যন্ত মোট ৮ মাস জাটকা আহরন, পরিবহন, মজুদ, বাজারজাতকরন ও ক্রয়-বিক্রয় থেকে সর্ব সাধারণকে বিরত রাখার জন্য প্রচার-প্রচারনা, সচেতনতা সভা এবং মোবাইল কোর্ট/অভিযান পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত - ৪.২ : যে সকল মৎস্য খাদ্য বিক্রেতার লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হয়েছে তাদের লাইসেন্স নবায়নের জন্য পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

এছাড়া সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ জাকির হোসেন মুখা)  
উপজেলা মৎস্য কর্মকর্তা (চ.দা.)

ও


সভাপতি  
জাতীয় শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটি  
নড়িয়া, শরীয়তপুর।

পত্র নং-৩৩.০২.৮৬৬৫.৫০১.৪৯.০০১.১৪-০১

তারিখ: ০১/০১/২০২৪ খ্রি.

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো

০১. জেলা মৎস্য কর্মকর্তা, শরীয়তপুর।
০২. সভাপতি, জাতীয় মৎস্যজীবী সমিতি, উপজেলা শাখা, নড়িয়া, শরীয়তপুর।
০৩. সভাপতি, গোপালগঞ্জ মৎস্যচাষী সমবায় সমিতি লিমিটেড, নড়িয়া উপজেলা শাখা, নড়িয়া, শরীয়তপুর।
০৪. জনাব.....।
০৫. সংশ্লিষ্ট নথি।

  
উপজেলা মৎস্য কর্মকর্তা (চ:দা.)  
নড়িয়া, শরীয়তপুর।